

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১৪৭

পর্ব - ১ ঃ পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১০. হায়িয (ঋতুস্রাব) সংক্রান্ত - ঋতুমতী মহিলা নামায, রোযা বর্জন করবে

আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ _ رضي الله عنه _ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم: «أَلَيْسَ إِذَا حَاضَتْ لَمْ تُصلِّ وَلَمْ تَصمُمْ?». مُتَّفَقٌ عَلَيْهِ فِي حَدِيثٍ

صحيح. رواه البخاري (304)، وهو بتمامه: عن أبي سعيد الخدري، قال: خرج رسول الله صلى الله عليه وسلم في أضحى أو فطر إلى المصلي، فمر على النساء فقال: «يا معشر النساء تصدقن، فإني أريتكن أكثر أهل النار» فقلن: وبم يا رسول الله؟ قال: «تكثرن اللعن، وتكفرن العشير، ما رأيت من ناقصات عقل ودين وأذهب للب الرجل الحازم من إحداكن» قلن: وما نقصان ديننا وعقلنا يا رسول الله؟ قال: «أليس شهادة المرأة مثل نصف شهادة الرجل؟» قلن: بلى. قال: «فذلك من نقصان عقلها». «أليس إذا حاضت لم تصل ولم تصم» قلن: بلى. قال: «فذلك من نقصان دينها». وأما مسلم فقد ساق سنده برقم (80) ولم يسق لفظه، وأعاده (889) بلفظ آخر ليس فيه محل الشاهد، ولذلك يدخل هذا الحديث في أوهام الحافظ رحمه الله. ثم رأيته قال في «النكت الظراف» (3/ 440): «والواقع أن مسلما لم يسق لفظه أصلا

বাংলা

১৪৭। আবূ সাঈদ খুদরী (রাঃ) থেকে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, 'হায়িয চলাকালীন সময়ে মেয়েরা কি সালাত ও সওম থেকে বিরত থাকে না?' (অর্থাৎ বিরত থাকতে হয়।) এটি দীর্ঘ একটি হাদীসের খণ্ডাংশ।[1]



English

Narrated Abu Sa'id al-Khudri (RAA):

Allah's Messenger (Peace be upon him) said: "Is it not the case that when a woman menstruates, she neither prays nor fasts?"[12] [Reported by Al-Bukhari and Muslim. It is part of a long Hadith]

ফুটনোট

[1] বুখারী ৩০৪ পূর্ণাঙ্গ হাদীসটি হচ্ছে- আবু সাঈদ খুদরী (রাঃ) হতে বর্ণিত। একবার ঈদুল আযহা অথবা ঈদুল ফিতরের সালাত আদায়ের জন্য আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঈদগাহের দিকে যাচ্ছিলেন। তিনি মহিলাদের পাশ দিয়ে যাওয়ার সময় বললেন, হে মহিলা সমাজ! তোমরা সাদাকা করতে থাক। কারণ আমি দেখেছি জাহান্নামের অধিবাসীদের মধ্যে তোমরাই অধিক। তাঁরা জিজ্ঞেস করলেন, কী কারণে, হে আল্লাহর রসূল? তিনি বললেনঃ তোমরা অধিক পরিমাণে অভিশাপ দিয়ে থাক আর স্বামীর অকৃতজ্ঞ হও। বুদ্ধি ও দীনের ব্যাপারে ক্রটি থাকা সত্ত্বেও একজন সদাসতর্ক ব্যক্তির বুদ্ধি হরণে তোমাদের চেয়ে পারদর্শী আমি আর কাউকে দেখিনি। তাঁরা বললেনঃ আমাদের দীন ও বুদ্ধির ক্রটি কোথায়, হে আল্লাহর রসূল? তিনি বললেন, একজন মহিলার সাক্ষ্য কি একজন পুরুষের সাক্ষেযর অর্ধেক নয়? তাঁরা উত্তর দিলেন, 'হাঁ। তখন তিনি বললেন, এ হচ্ছে তাদের বুদ্ধির ক্রটি। আর হায়য অবস্থায় তারা কি সালাত ও সিয়াম হতে বিরত থাকে না? তারা বললেন, 'হাঁ। তিনি বললেন এ হচ্ছে তাদের দীনের ক্রটি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন